



ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫
ফোন : ৯১৩১৫৮০, ফ্যাক্স : +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইল : dkibbd@gmail.com, ওয়েব : www.dkib.org

স্মারক নং-১১০

তারিখ : ২৭/১০/২০১৮ খ্রিঃ

প্রতি,

জনাব মোঃ ফিরোজ আকতার
উপ-সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।
কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

বিষয়ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর গঠনতন্ত্র বিরোধী কার্যকলাপে জড়িত থাকা প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে অবহিত করছি যে, আপনি ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর উপ-সভাপতির মতো একটি দায়িত্বশীল পদে নিয়োজিত থাকার পরও গঠনতন্ত্র বিরোধী কার্যকলাপে জড়িত থেকে সংগঠনের জন্য ক্ষতিকর কাজে লিপ্ত হয়েছেন। যা নিম্নরূপ-

- ০১। আপনি গত ০৪/০৫/২০১৮ ইং তারিখে খামারবাড়িতে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতির বিরুদ্ধে সভা আহবান করে বহিস্কৃত সদস্য জনাব মোঃ আলমগীর সহ কতিপয় সদস্যদের নিয়ে সভা করেছেন এবং সংগঠনের ভাবমূর্তি নষ্ট করেছেন।
- ০২। আপনি ডিকেআইবি এর অফিস ভবন ১৪৬/১ জাফরাবাদ, শংকর নির্মাণ কাজে সহায়তাকারী ডিকেআইবি এর সদস্য জনাব মোঃ আবু সাঈদকে হুমকি প্রদান করেছেন মর্মে লিখিত অভিযোগ পাওয়া গেছে। যা সংগঠনের অফিস ভবন নির্মাণে বাধার শামিল এবং সংগঠন বিরোধী কার্যক্রম।
- ০৩। আপনি বিভিন্ন সময়ে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতির বক্তব্য মোবাইল ফোনে রেকর্ড করে উর্ধ্বতন কর্মকর্তাদের শোনান যা সংগঠনের শৃঙ্খলা ভঙ্গের শামিল।
- ০৪। আপনি ডিকেআইবি এর সভাপতি এবং তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে লিফলেট তৈরী করে খামারবাড়ি সহ বিভিন্ন স্থানে প্রচার কাজে লিপ্ত হয়েছেন।
- ০৫। আপনি প্রায় সময় সংগঠনকে সহায়তা না করে বিরোধী কার্যক্রমে লিপ্ত থাকেন। যেমন গত ০৬/০৪/২০১৭ ইং তারিখে মহাসম্মেলন-২০১৭ উপলক্ষে ৭,০০,৩০০/- (সাত লক্ষ তিনশত) টাকা বিভিন্ন তারিখে নিজ স্বাক্ষরে গ্রহণ করেও ভাউচারে স্বাক্ষর করেন নাই। যা সংগঠন বিরোধী কার্যক্রম।

এমতাবস্থায় সংগঠনের বিরোধিতা, সংগঠনকে অসহযোগীতা, সংগঠনের জন্য ক্ষতিকর কাজে লিপ্ত থাকা এবং সংগঠনের শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে কেন আপনার বিরুদ্ধে গঠনতন্ত্রের ৬.২, ৬.৩ ও ৬.৪ ধারা মোতাবেক সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৫(পাঁচ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(এ টি এম আবুল কাশেম)

সভাপতি

ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭১১-৪৮৮৪২৫.